# কর্মক্ষেত্র ও শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি বন্ধে মহামান্য সুপ্রীম কোর্টের নির্দেশনা

## রিট পিটিশন নং ৫৯১৬/২০০৮

কমব্যাটিং জেন্ডার বেজড ভায়োলেন্স ইন বাংলাদেশ প্রকল্প

Canada

christian aid

UN WOMEN

প্রকল্প বাস্তবায়ন সহযোগী:

এইড কুমিল্লা

গ্রাম বিকাশ সংস্থা

আভাস

ছবির স্বত্ব: সজাগ কোয়ালিশন

সৌজন্যে: কমব্যাটিং জেন্ডার বেজড ভায়োলেন্স ইন বাংলাদেশ প্রকল্প

# কর্মক্ষেত্র ও শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি বন্ধে মহামান্য সুপ্রীম কোর্টের নির্দেশনা

রিট পিটিশন নং ৫৯১৬/২০০৮

কমব্যাটিং জেন্ডার বেজড ভায়োলেন্স ইন বাংলাদেশ প্রকল্প

Canada

christian aid

UN WOMEN

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান অনুযায়ী

অনুচ্ছেদ ১৯ (১) সকল নাগরিককের জন্য সুযোগের সমতা নিশ্চিত করিতে রাষ্ট্র সচেষ্ট হইবেন

অনুচ্ছেদ ১৯ (৩) জাতীয় জীবনের সর্বস্তরে মহিলাদের অংশগ্রহণ ও সুযোগের সমতা রাষ্ট্র নিশ্চিত করিবেন।

# নির্দেশনার পরিধি, লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ

**নির্দেশনার আওতাভুক্ত কর্মক্ষেত্রসমূহ :**

- বাংলাদেশে অবস্থিত সকল প্রতিষ্ঠান যথা: সরকারি, আধাসরকারি, বিশেষায়িত বেসরকারি ব্যক্তিমালিকানাধীন, শিক্ষা, স্বায়ত্তশাসিত, যৌথ ইত্যাদি

**লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ**

- যৌন নির্যাতন ও হয়রানি সম্পর্কে সচেতনতা গড়ে তোলা;
- যৌন নির্যাতন ও হয়রানির কুফল সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা;
- যৌন নির্যাতন ও হয়রানি শাস্তিযোগ্য অপরাধ মর্মে সচেতনতা বৃদ্ধি



অনাকাঙ্ক্ষিত যৌন আবেদনমূলক আচরণ (সরাসরি কিংবা ইঙ্গিতে) যেমন: শারীরিক স্পর্শ বা এ ধরনের প্রচেষ্টা;





যৌন হয়রানি বা
নিপীড়নমূলক উক্তি;








প্রশাসনিক, কর্তৃপক্ষীয় এবং পেশাগত ক্ষমতা অপব্যবহার করে কারো সাথে যৌন সম্পর্ক স্থাপনের চেষ্টা করা;






যৌন সুযোগ লাভের জন্য
অনাকাঙ্খিত দাবী বা
আবেদন;




অনাকাঙ্ক্ষিত পর্ণোগ্রাফী দেখানো;






যৌন আবেদনমূলক
অনাকাঙ্খিত মন্তব্য বা ভঙ্গী;






অশালীন ভঙ্গী, যৌন নির্যাতনমূলক ভাষা বা মন্তব্যের মাধ্যমে উত্যক্ত করা, কাউকে অনুসরণ করা, যৌন ইঙ্গিতমূলক ভাষা ব্যবহার করে ঠাট্টা বা উপহাস করা;






চিঠি, টেলিফোন, মোবাইল, এসএমএস, ছবি, নোটিশ, কার্টুন, বেঞ্চ, চেয়ার-টেবিল, নোটিশ বোর্ড, অফিস, ফ্যাক্টরী, শ্রেণীকক্ষ, বাথরুমের দেয়ালে যৌন ইঙ্গিতমূলক অপমানজনক কিছু লেখা;



ব্লাকমেইলিং অথবা চরিত্র লঙ্ঘনের উদ্দেশ্যে স্থির চিত্র এবং ভিডিও ধারণ করা;






যৌন নিপীড়ন বা হয়রানির উদ্দেশ্যে খেলাধুলা, সাংস্কৃতিক, প্রাতিষ্ঠানিক এবং শিক্ষাগত কার্যক্রমে অংশগ্রহণ থেকে বিরত থাকতে বাধ্য করা;



প্রেম নিবেদন করে প্রত্যাখ্যাত হয়ে হুমকী বা চাপ প্রয়োগ;






ভয় দেখিয়ে বা মিথ্যা আশ্বাস দিয়ে বা প্রতারণা/ছলনার মাধ্যমে যৌন সম্পর্ক স্থাপনে চেষ্টা করা;

# নিয়োগদাতা প্রতিষ্ঠানের করনীয়

**অভিযোগ কমিটি গঠন:**

যৌন হয়রানি এবং যৌন নির্যাতন প্রতিরোধে নিয়োগদাতা প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ একটি অভিযোগ কমিটি গঠন করবে;

**অভিযোগ কমিটির কাজ** -

- অভিযোগ গ্রহণ, গৃহীত অভিযোগ সংক্রান্তে তদন্ত পরিচালনা এবং সুপারিশ প্রদান করা;
- নীতিমালার সঠিক ও যথাযথ বাস্তবায়ন সংক্রান্তে সরকারের কাছে বাৎসরিক প্রতিবেদন পেশ করা।

## অভিযোগ কমিটি গঠন

- যৌন হয়রানি এবং যৌন নির্যাতন প্রতিরোধে নিয়োগদাতা প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষ নিম্নরূপ একটি অভিযোগ কমিটি গঠন করবে-
- কমপক্ষে ৫ সদস্য বিশিষ্ট
- বেশীরভাগ সদস্য হবেন নারী, সম্ভব হলে কমিটির প্রধান হবেন নারী;
- অভিযোগ কমিটির নূন্যতম ২ জন সদস্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বাইরের অন্য কোন প্রতিষ্ঠান থেকে নিতে হবে, যে সকল প্রতিষ্ঠান জেন্ডার এবং যৌন নির্যাতন বিষয়ে কাজ করে।

# অভিযোগ গ্রহণ এবং তার প্রতিকার

কর্মক্ষেত্রে যৌন হয়রানি এবং যৌন নির্যাতন প্রতিরোধে অভিযোগ গ্রহণ এবং তার প্রতিকারের জন্য নিচের বিষয়গুলি অভিযোগ গ্রহণ পদ্ধতিতে অন্তর্ভূক্ত করতে হবে-

- অপরাধ প্রমাণিত না হওয়া পর্যন্ত অভিযোগকারী এবং অভিযুক্ত ব্যক্তির পরিচয় গোপন রাখতে হবে;
- নিয়োগকারী বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অভিযোগকারীর নিরাপত্তা নিশ্চিত করতে হবে;
- অপরাধের শিকার ব্যক্তি নিজে অথবা তার কোন আত্মীয়, বন্ধু অথবা আইনজীবীর মাধ্যমে এবং ডাকযোগে অভিযোগ করতে পারবেন;

- অভিযোগকারী স্বতন্ত্রভাবে অভিযোগ কমিটির নারী সদস্যের কাছে অভিযোগ জানাতে পারবেন;
- যৌন হয়রানি এবং যৌন নির্যাতন প্রতিরোধে গঠিত অভিযোগ কমিটির কাছে অভিযোগ দায়ের করতে হবে।

## অভিযোগ দায়েরের সময়

সাধারণভাবে ঘটনার পরবর্তী ৩০ (ত্রিশ) কার্য দিবসের মধ্যে অভিযোগ কমিটির কাছে অভিযোগ পেশ করতে হবে।

# অভিযোগ কমিটির কার্যপদ্ধতি

অভিযোগ প্রাপ্তির পরে অভিযোগের সত্যতা যাচাইয়ের জন্য অভিযোগ কমিটি –

- লঘু হয়রানির ক্ষেত্রে যদি সম্ভব হয়, অভিযোগ কমিটি সংশ্লিষ্ট উভয় পক্ষের সম্মতি নিয়ে অভিযোগ নিষ্পত্তি করবে এবং এ বিষয়ে প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে প্রতিবেদন দাখিল করবে;
- অন্য সকল ক্ষেত্রে অভিযোগ কমিটি বিষয়টি তদন্ত করবে;
- অভিযোগ কমিটি রেজিস্ট্রী ডাকের মাধ্যমে উভয় পক্ষকে এবং সাক্ষীদের নোটিশ প্রেরণ, শুনানী গ্রহণ, তথ্য প্রমাণ সংগ্রহ এবং সকল সংশ্লিষ্ট দলিল পর্যবেক্ষণের ক্ষমতা রাখবেন।

- এ ধরনের অভিযোগের ক্ষেত্রে মৌখিক সাক্ষ্য প্রমান ছাড়াও পারিপার্শ্বিক সাক্ষ্য প্রমান উপর গুরুত্ব দেয়া হবে;
- অভিযোগকারী/অভিযোগকারীদের সাক্ষ্য গ্রহণের সময় উদ্দেশ্যমূলকভাবে নীচ, অপমানজনক এবং হয়রানিমূলক প্রশ্ন করা থেকে বিরত থাকতে হবে;

# অভিযোগ কমিটির কার্যপদ্ধতি

- সাক্ষ্য গ্রহণ ক্যামেরায় ধারণ করতে হবে;
- অভিযোগ কমিটির কার্যক্রম কার্যকরভাবে পরিচালনা করতে সংস্থার সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সকল ধরনের সহযোগিতা প্রদানে বাধ্য থাকবে;
- অভিযোগ কমিটি অভিযোগকারী/অভিযোগকারীদের পরিচয় গোপন রাখবে;
- অভিযোগকারী যদি অভিযোগ তুলে নিতে চায় বা তদন্ত বন্ধের দাবী জানায় তাহলে এর কারণ তদন্ত করে প্রতিবেদনে উল্লেখ করতে হবে;

- অভিযোগ কমিটি ৩০ দিনের মধ্যে তাদের সুপারিশসহ তদন্ত প্রতিবেদন সংস্থার সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রদান করবে, প্রয়োজনে এ সময়সীমা ৩০ কার্য দিবস থেকে ৬০ কার্য দিবসে বাড়ানো যাবে;
- যদি এটা প্রমাণিত হয় যে উদ্দেশ্য প্রণোদিতভাবে মিথ্যা অভিযোগ দায়ের হয়েছে তাহলে অভিযোগ কমিটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অভিযোগকারী/অভিযোগকারীদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করবে।
- উল্লেখ্য যে, অভিযোগ কমিটির বেশীরভাগ সদস্যের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

## শাস্তি

- সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অভিযুক্ত ব্যক্তিকে (প্রতিষ্ঠান কর্তৃক নিযুক্ত) সাময়িকভাবে বরখাস্ত করতে পারবে;
- খন্ডকালীন বা অস্থায়ী ভিত্তিতে নিয়োজিত কোন ব্যক্তির ক্ষেত্রে অভিযোগ কমিটির সুপারিশ অনুযায়ী তার অনুরূপ নিয়োগ বাতিল করা যাবে;

- অভিযুক্তের বিরুদ্ধে যৌন হয়রানির অভিযোগ প্রমাণিত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তা অসদাচরণ হিসেবে গণ্য করবে এবং প্রতিষ্ঠানের শৃঙ্খলা বিধি অনুসারে ৩০ কার্য দিবসের মধ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে, এবং/অথবা যদি উক্ত অভিযোগ দন্ডবিধি অথবা প্রচলিত অন্যান্য আইন অনুযায়ী অপরাধ হিসেবে গণ্য হয় তাহলে যথাযথ আদালত বা ট্রাইবুনালে পাঠিয়ে দেবে।

# সহায়তার জন্য হটলাইন সমূহ

- নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে ন্যাশনাল হেল্পলাইন ১০৯
- জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা ১৬৪৩০
- ভিক্টিম সাপোর্ট সেন্টার ০১৭৪৫৭৭৪৪৮৭
- ব্লাস্ট ০১৭১৫ ২২০২২০

Canada christian aid UN WOMEN